রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুলাই ১৫, ১৯৮৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**স্থানীয় সরকার বিভাগ**

**শাখা-১১**

প্রজ্ঞাপন

**ঢাকা, ১৫ই জুলাই ১৯৮৭/৩০শে আষাঢ় ১৩৯৪**

**নং এস, আর, ও ১৪৮-আইন/৮৭**—The Khulna Municipal Corporation Ordinance, 1984 (LXXII of 1984) এর section 154 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ—

১। **সংক্ষিপ্ত শিরনামা**।—এই বিধিমালা খুলনা মিউনিসিপ্যাল কর্পোরেশন (চুক্তি) বিধিমালা, ১৯৮৭ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "অর্ডিন্যান্স" অর্থ The Khulna Municipal Corporation Ordinance, 1984 (LXXII of 1984) ;

(খ) "চুক্তি" অর্থ কোন কার্য সম্পাদনের জন্য কর্পোরেশনের পক্ষে কোন চুক্তি এবং কোন মূল চুক্তির পরিবর্তিত রূপও এই সংজ্ঞার অন্তর্ভুক্ত হইবে।

(গ) "টেন্ডার কমিটি" অর্থ ৬ বিধির অধীনে গঠিত টেন্ডার কমিটি;

(ঘ) "section" অর্থ অর্ডিন্যান্সের কোন section।

৩। **কতিপয় ব্যক্তির সহিত চুক্তি নিষিদ্ধ**।—কর্পোরেশনের মেয়র অথবা কোন ডেপুটি মেয়র, কমিশনার, কর্মকর্তা বা কর্মচারীর কোন আত্মীয়ের সহিত বা উক্ত মেয়র, ডেপুটি মেয়র, কমিশনার, কর্মকর্তা বা কর্মচারীর মালিকানাধীন, বা তাহার দ্বারা পরিচালিত, ব্যবসায়ে জড়িত কোন ব্যক্তির সহিত কর্পোরেশন কোন চুক্তিতে আবদ্ধ হইতে পারিবে না বা কর্পোরেশনের পক্ষে কোন চুক্তি করা যাইবে না।



মূল্য : ৩০ পয়সা

৪। **চুক্তি সম্পাদন।**—কর্পোরেশনের পক্ষে প্রতিটি চুক্তি মেয়র কর্তৃক বা, তাহার অনুপস্থিতিতে section 17(1) এর বিধান মোতাবেক ডেপুটি মেয়র কর্তৃক সম্পাদিত হইবে।

৫। **চুক্তি স্বাক্ষর, ইত্যাদি।**—কর্পোরেশনের প্রতিটি চুক্তি হইবে লিখিত আকারে এবং উহা মেয়র এবং section 17(1) বিবৃতক্রম অনুসারে সংশ্লিষ্ট সময়ে উপস্থিত ডেপুটি মেয়রগণের একজন কর্তৃক যৌথভাবে স্বাক্ষরিত হইতে হইবে এবং উহাতে কর্পোরেশনের সাধারণ সীলমোহর লাগাইতে হইবে, এবং উক্ত চুক্তিতে নিম্নবর্ণিত বিষয়াদি সুনির্দিষ্ট উল্লেখ থাকিতে হইবে—

(ক) যে কাজ সম্পন্ন করিতে হইবে বা যে সমস্ত মালামাল বা উপকরণ সরবরাহ করিতে হইবে তাহা;

(খ) উক্ত কাজ বা মালামাল বা উপকরণের জন্য প্রদেয় মূল্য;

(গ) যে মেয়াদ বা মেয়াদসমূহের মধ্যে চুক্তিটি বা উহার কোন নির্দিষ্ট অংশ সম্পন্ন করিতে হইবে তাহা;

৬। **টেন্ডার কমিটি।**—টেন্ডার বিবেচনার জন্য কর্পোরেশন নিম্নবর্ণিত সদস্য-সমন্বয়ে একটি টেন্ডার কমিটি গঠন করিবে, যথাঃ—

(১) একজন ডেপুটি মেয়র যিনি ইহার চেয়ারম্যানও হইবেন; এবং

(২) কর্পোরেশন কর্তৃক নির্ধারিত প্রয়োজনীয় সংখ্যক কমিশনার।

৭। **টেন্ডার আহবান।**—কর্পোরেশনের কোন নির্মাণ কাজ সম্পাদন বা কোন মালামাল বা উপকরণ সংগ্রহের ক্ষেত্রে সময় সময়, সরকারের নির্দেশ সাপেক্ষে, স্থানীয় ও জাতীয় দৈনিক পত্রিকায় এবং কর্পোরেশনের নোটিশ বোর্ডে নোটিশ প্রচার করিয়া টেন্ডার আহবান করিতে হইবে।

৮। **পাঁচ হাজার টাকার অধিক মূল্যের চুক্তি সম্পাদন।**—টেন্ডার কমিটি কর্তৃক সংশ্লিষ্ট টেন্ডার এর পূর্ব বিবেচনা ব্যতিরেকে পাঁচ হাজার টাকার অধিক মূল্যমানের কোন চুক্তি সম্পাদন করা যাইবে না।

৯। **সরকারের অনুমোদন।**—(১) সরকারের পূর্বানুমোদন ব্যতীত পঁয়ত্রিশ লক্ষ টাকার অধিক মূল্যমানের কোন চুক্তি সম্পাদন করা যাইবে না।

(২) উপ-বিধি (১) এর অধীনে সরকারের অনুমোদন লাভ করার উদ্দেশ্যে কর্পোরেশন, তাহার সুপারিশসহ, সংশ্লিষ্ট সকল টেন্ডার, টেন্ডারের সহিত দাখিলকৃত নমুনা ও বিবরণাদি এবং সংশ্লিষ্ট অন্যান্য সকল কাগজপত্র সরকারের নিকট বিবেচনা ও অনুমোদনের জন্য প্রেরণ করিবে।

১০। **জামানত।**—কোন চুক্তি পালনের নিশ্চয়তা বিধানের উদ্দেশ্যে কর্পোরেশন উহার বিবেচনায় প্রয়োজনীয় পরিমাণ জামানত গ্রহণ করিতে পারিবে।

১১। **অর্ডিন্যান্স, ইত্যাদি বহির্ভূত চুক্তি।**—অর্ডিন্যান্স এবং এই বিধিমালার বিধানাবলীর সহিত সংগতি রক্ষা না করিয়া কোন চুক্তি সম্পাদন করা হইলে, উক্ত চুক্তির দায়-দায়িত্ব কর্পোরেশনের উপর বর্তাইবে না।

১২। **এতদ্বারা** The Paurashava (Contracts) Rules, 1978 এর যে সমস্ত বিধান খুলনা মিউনিসিপ্যাল কর্পোরেশনে প্রযোজ্য ছিল তাহা রহিত করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

হোসাইন আহমদ

সচিব।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
মোঃ রফিউল হোসেন, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।